দক্ষতা উন্নয়ন সংবাদ পরিক্রমা

এনএসডিসি সচিবালয়, শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়

এপ্রিল ২০১৬

“Research Methodology শীর্ষক প্রশিক্ষণ” কর্মশালা অনুষ্ঠিত

কৃষি নির্ভর অর্থনীতির বাংলাদেশে অন্যান্য খাতের চেয়ে শিল্পখাত তুলনামুলকভাবে পিছিয়ে রয়েছে। বর্তমান সরকারের আমলে গৃহীত বিভিন্ন সংস্কার কর্মসূচির উদ্যোগের ফলে জিডিপিতে শিল্পখাতের অবদান ক্রমশঃ বৃদ্ধি পাচ্ছে। এই অবদানকে সচল রাখতে প্রয়োজন দক্ষতা কারিগরি জ্ঞান ও উন্নত প্রযুক্তির অধিক হারে ব্যবহার।

চিত্র ১: এনএসডিসি সচিবালয়ে অনুষ্ঠিত 'Research Methodology' শীর্ষক প্রশিক্ষণ কর্মশালায় শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়ের মাননীয় সচিব জনাব মিকাইল শিপার, বিশেষ অতিথি বিশ্ব ব্যাংকের সিনিয়র অপারেশনস অফিসার জনাব মোখলেসুর রহমান এবং সভাপতি এনএসডিসি সচিবালয়ের প্রধান নির্বাহী কর্মকর্তা জনাব এবিএম খোরশেদ আলম।

আমাদের প্রতিবেশী দেশ ভারত, চীন, মালেয়েশিয়া, থাইল্যান্ডসহ অনেক দেশই ইতোমধ্যে শিল্প খাতে উৎপাদনশীলতা বৃদ্ধির পথে বহুদুর এগিয়ে গেছে। এই অবস্থায় বিশ্ব বাজারে আমাদের টিকে থাকতে হলে কারিগরি দক্ষতা অর্জনের পাশাপাশি উন্নত প্রযুক্তির ব্যবহার বাড়াতে হবে। অল্প খরচে উন্নত গুণগত মানসম্পন্ন পণ্য উৎপাদনের যোগ্যতা অর্জন এবং প্রয়োজনীয় গবেষণা সম্পাদন করতে হবে। জ্ঞানের প্রতি ক্ষেত্রেই গবেষণা কর্ম একটি উল্লেখযোগ্য স্থান লাভ করেছে। এটি জাতির বুদ্ধিভিত্তিক, সামাজিক, সাংস্কৃতিক ও অর্থনৈতিক উন্নয়নের চাবিকাঠি স্বরূপ। তাই জাতীয় অগ্রগতির মূল্যায়নের গুরুত্বপূর্ণ বৈশিষ্ট্য হিসেবে গবেষণায় নিয়োজিত প্রচেষ্টাকে এবং প্রকাশনাকে ধরা হয়। বর্তমান কালে শিল্প, শিক্ষা, চিকিৎসা, ভৌত ও সমাজবিজ্ঞান এর উন্নতির জন্য গবেষণার উপর গুরুত্ব আরোপ করা হচ্ছে। বিশ্বায়নের বর্তমান প্রেক্ষাপটে বাংলাদেশের মত উন্নয়নশীল দেশের জন্য কর্মসংস্থান সৃষ্টি, আয় বৃদ্ধি, দারিদ্র বিমোচন, শিল্পায়নের জন্য পশ্চাৎ সংযোগ শিল্প সৃষ্টি, দক্ষ ও উৎপাদনশীল শ্রমশক্তি গঠন পূর্বক দেশের সার্বিক আর্থ-সামাজিক উন্নয়নে কারিগরি শিক্ষা খুবই গুরুত্বপূর্ণ।

কিন্তু এ সেক্টরে উল্লেখযোগ্য তেমন গবেষণা কর্ম নেই। টিভিইটি সেক্টরে গবেষক তৈরির লক্ষ্যে রিসার্চ মেথোডলজি বা গবেষণা বিষয়ের উপর প্রশিক্ষণ কোর্স আয়োজন সময়ের দাবী। এ উদ্দেশ্যকে সামনে রেখে এনএসডিসি সচিবালয়ের সহযোগিতায় আইএলও B-SEP প্রজেক্টের অর্থায়নে এনএসডিসি সচিবালয়ের কনফারেন্স রুমে বিগত ৯ এপ্রিল থেকে ৬ মে ২০১৬ তারিখ পর্যন্ত ৪টি ভিন্ন ভিন্ন গ্রুপে ৫ দিনব্যাপী ‘Research Methodology’ শীর্ষক প্রশিক্ষণ কর্মশালা অনুষ্ঠিত হয়েছে।

চিত্র ২: এনএসডিসি সচিবালয়ে অনুষ্ঠিত 'Research Methodology' প্রশিক্ষণ শীর্ষক দ্বিতীয় কর্মশালায় জনাব অশোক কুমার বিশ্বাস, মহাপরিচালক (অতিরিক্ত সচিব), কারিগরি শিক্ষা অধিদপ্তর বক্তব্য প্রদান করছেন।

একমাসব্যাপী অনুষ্ঠিত এ কর্মশালার প্রথম ব্যাচের উদ্বোধনী দিনের প্রধান অতিথি ছিলেন এনএসডিসি সচিবালয়ের প্রধান নির্বাহী কর্মকর্তা, বিশেষ অতিথি ছিলেন আইএলও B-SEP প্রজেক্টের সিনিয়র প্রোফেশনাল স্পেশালিস্ট জনাব মানস ভট্টাচার্য। পবিত্র কুরআন তেলওয়াতের মাধ্যমে কর্মশালার উদ্বোধন করা হয়। জনাব মোহাম্মদ রেজাউল করিম, পরিচালক, এনএসডিসি সচিবালয় কর্মশালার সভাপতিত্ব করেন এবং জনাব মোঃ কামরুজ্জামান কর্মশালায় উপস্থিত সকলকে স্বাগত সম্ভাষণ জানান।

এই সংখ্যায় উল্লেখযোগ্য

- ‘Research Methodology’ শীর্ষক ৫ দিনব্যাপি ৪টি ভিন্ন ভিন্ন কর্মশালা;
- NSDP-2011 Action Plan, Phase-I Monitoring বিষয়ক কর্মশালা;
- TCM-KappAhl ট্রেনিং সেন্টারে ইন্ডাস্ট্রিয়াল গার্মেন্টস প্রশিক্ষণার্থীদের মিলন মেলা;

চিত্র ৩: কর্মশালায় প্রশিক্ষক জনাব মাহবুবুল আলম পাঠ দান করছেন।

কর্মশালার বিশেষ অতিথি জনাব মানস ভট্টাচার্য উল্লেখ করেন, প্রতিটি দেশের শ্রমশক্তির দক্ষতা বৃদ্ধি করার লক্ষ্যে প্রচলিত প্রশিক্ষণ ব্যবস্থায় এবং কারিকুল্যামে প্রচলিত শিল্পের কারিগরি চাহিদার নৈপুণ্যের প্রয়োজনীয় স্থান নির্ধারণ করা জরুরী। তিনি মাসব্যাপি এ প্রশিক্ষণ কর্মশালা সম্পাদনের ব্যবস্থা ও সহযোগিতার জন্য এনএসডিসি সচিবালয়ের প্রশংসা করেন এবং আশা প্রকাশ করেন, বাংলাদেশের বৃহত্তর সামাজিক পটভূমিতে কারিগরি শিক্ষার প্রতি ইতিবাচক মনোভাব গঠনে এবং বিদ্যমান কারিগরি শিক্ষা প্রতিষ্ঠানের স্বক্ষমতা শক্তিশালীকরণে এ সেক্টরের গবেষকরা গুরুত্বপূর্ণ ভূমিকা রাখবে। জনাব হরিপদ দাস, প্রোগ্রাম অফিসার, আইএলও টিভিইটি সেক্টরে বিদ্যমান বেশ কিছু সমস্যার কথা উল্লেখ করে তার অভিজ্ঞতার আলোকে এ সেক্টরে গবেষণা উপযোগী বেশ কিছু তথ্য প্রদান করেন। কর্মশালার প্রধান অতিথি জনাব এবিএম খোরশেদ আলম এ কর্মশালা সম্পাদনের ভিত্তি হিসেবে বিগত ২০১৫ সালে ভারতে অনুষ্ঠিত টিভিইটি কনফারেন্সে বাংলাদেশের প্রতিনিধিরূপে তার অভিজ্ঞতার উল্লেখ করেন যেখানে তিনি টিভিইটি সেক্টরের উপর বাংলাদেশের কোন গবেষণাকর্ম বা প্রকাশনা দেখতে পান নাই। তিনি উপস্থিত সকল অংশগ্রহণকারীকে টিভিইটি সেক্টরের বিদ্যমান সমস্যা নিয়ে গবেষণা করার সুবর্ণ সুযোগ কাজে লাগাতে উপদেশ দেন যা দ্বারা একদিকে তারা যেমন নিজেরা সমৃদ্ধ হবে তেমনি তাদের মানসম্মত গবেষণাকর্মের প্রকাশনার মাধ্যমে বাংলাদেশের টিভিইটি সেক্টরের আর্ন্তজাতিক প্রচারণা হবে। এছাড়া তিনি ৫ দিনব্যাপী আয়োজিত এ প্রশিক্ষণ কর্মশালা সকলকে মনোযোগের সাথে সম্পন্ন করার নির্দেশ দেন এবং পরবর্তীতে অংশগ্রহণকারী সকলকে টিভিইটি সেক্টরে বিদ্যমান ক্ষুদ্র ক্ষুদ্র সমস্যা নিয়ে ৬ মাসের মধ্যে সম্পন্ন করতে পারে এমন গবেষণা প্রস্তাবনা তৈরি এবং তা সম্পাদন করে এনএসডিসি সচিবালয়ে প্রেরণ করার নির্দেশ দেন। কর্মশালায় অংশগ্রহণকারী সকলকে উৎসাহ প্রদান করতে তিনি এনএসডিসি সচিবালয়ের বার্ষিক জার্নালে তাদের প্রেরিত মানসম্মত গবেষণাকর্মের প্রকাশ হবে বলে উল্লেখ করেন। কর্মশালার সভাপতি জনাব মোহাম্মদ রেজাউল করিম উদ্বোধনী অনুষ্ঠানের সমাপ্তিতে বলেন, টিভিইটি সেক্টরে ১০০ জন গবেষক তৈরির লক্ষ্যে আয়োজিত এ প্রশিক্ষণ

চিত্র ৪: এনএসডিসি সচিবালয়ের অনুষ্ঠিত 'Research Methodology' শীর্ষক প্রশিক্ষণ কর্মশালার প্রথম ব্যাচ।

কর্মশালা শেষে যদি ৮০% অংশগ্রহণকারী ও গবেষণাকর্মে নিয়োজিত হয় ও তা চলমান থাকে তাহলে এ কর্মশালা সার্থক হবে। ৪টি ভিন্ন গ্রুপে ৫ দিনব্যাপী এ কর্মশালা অনুষ্ঠিত হয়। নিম্নে সংক্ষেপে ৪টি গ্রুপের বর্ণনা দেওয়া হলো:

ব্যাচের নং	সময়কাল (সকাল৯.০০-বিকাল ৫.০০)	অংশগ্রহণকারী
১.	৯ এপ্রিল- ১৩ এপ্রিল	DTE - 19 DYD - 2 BTEB - 2 BITAC – 1
২.	১৭ এপ্রিল- ২১ এপ্রিল	DTE - 18 DYD - 2 BTEB - 2 BITAC - 1 BMET - 1
৩.	২৪ এপ্রিল- ২৮ এপ্রিল	DTE - 21 DYD - 2 BTEB - 2 BMET - 1
৪.	২ মে- ৬ মে	DTE – 15 DYD - 2 BTEB - 2 BITAC -2 NPO - 2 NSDC Sec. - 4 Ansar Bank-1 Educare Fo.-1

কর্মশালায় মোট ৬ জন রিসোর্স পার্সন সিডিউল অনুযায়ী ক্লাস নেন। Research Methodology কর্মশালায় Research definition, classification, research type, design, proposal content, variables selection, data analysis procedure, sampling, data collection tools and

techniques, designing questionnaire, research proposal preparation, data analysis, test of hypothesis, management of research project, monitoring and controlling ইত্যাদি বিষয়ে ব্যাপক আলোচনা ও প্রশিক্ষণ প্রদান করা হয়।

চিত্র ৫: এনএসডিসি সচিবালয়ের অনুষ্ঠিত ‘Research Methodology’ শীর্ষক প্রশিক্ষণ কর্মশালার দ্বিতীয় ব্যাচ।

১৩ এপ্রিল ২০১৬ তারিখে প্রথম ব্যাচের প্রশিক্ষণ সমাপ্ত হয় এবং সমাপণী অনুষ্ঠানের মাধ্যমে প্রশিক্ষণগ্রহণকারীদেরকে সার্টিফিকেট প্রদান করা হয়। ১৭ এপ্রিল ২০১৬ তারিখ Research Methodology প্রশিক্ষণ কর্মশালার দ্বিতীয় ব্যাচের প্রশিক্ষণ শুরু হয়। দ্বিতীয় ব্যাচের উদ্বোধনী দিনের প্রধান অতিথি ছিলেন জনাব অশোক কুমার বিশ্বাস, মহাপরিচালক (অতিরিক্ত সচিব), কারিগরি শিক্ষা অধিদপ্তর এবং সভাপতি ছিলেন এনএসডিসি সচিবালয়ের প্রধান নির্বাহী কর্মকর্তা জনাব এবিএম খোরশেদ আলম। প্রধান অতিথি জনাব অশোক কুমার বিশ্বাস আইএলও এবং এনএসডিসি সচিবালয়ের এই উদ্যোগের প্রশংসা করেন এবং এই প্রশিক্ষণ থেকে প্রশিক্ষণার্থীগণ গবেষণা বিষয়ে বাস্তব জ্ঞান লাভ পূর্বক দক্ষ গবেষক হিসেবে নিজেদেরকে প্রতিষ্ঠিত করতে পারবেন বলে আশাবাদ ব্যক্ত করেন।

২১ এপ্রিল ২০১৬ তারিখ দ্বিতীয় ব্যাচের প্রশিক্ষণ সমাপ্ত হয় এবং সমাপণী ও সার্টিফিকেট বিতরণী অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়ের মাননীয় সচিব জনাব মিকাইল শিপার, বিশেষ অতিথি ছিলেন বিশ্ব ব্যাংকের সিনিয়র অপারেশন অফিসার জনাব মোখলেসুর রহমান। বিশেষ অতিথি বিশ্ব ব্যাংকের প্রতিনিধি জনাব মোখলেসুর রহমান এনএসডিসি সচিবালয়ের আয়োজনে এবং আইএলও এর B-SEP প্রজেক্টের অর্থায়নে টিভিইটি সেক্টরে ১০০ জন গবেষক তৈরির এ উদ্যোগ প্রশংসনীয় মনে করেন এবং ভবিষ্যতে এধরনের কর্মশালা পরিচালনা করতে বিশ্বব্যাংক সহায়তা করতে প্রস্তুত বলে তিনি মন্তব্য প্রকাশ করেন। প্রধান অতিথি মাননীয় সচিব জনাব মিকাইল শিপার এ সমাপণী অনুষ্ঠানের সার্টিফিকেট বিতরণের পূর্বে বলেন যে তিনি আনন্দিত এ ধরনের গবেষণা সংক্রান্ত প্রশিক্ষণের মাধ্যমে টিভিইটি সেক্টরে গবেষক পুল তৈরি হচ্ছে এবং অংশগ্রহণ-কারীগণ এ প্রশিক্ষণে লব্ধ জ্ঞান স্ব স্ব প্রতিষ্ঠানের গবেষণা কার্যক্রম পরিচলনা করতে সক্ষম হবে। তাছাড়া গবেষণার মাধ্যমে দক্ষতার জন্য প্রয়োজনীয় চাহিদা সম্বন্ধে ধারণা লাভ করতে পারবে যা দ্বারা সরকার, নিয়োগকারী কর্তৃপক্ষ, কর্মী এবং অন্যান্য স্টেকহোল্ডাররা কি

চিত্র ৬: কোর্স সমাপ্তিতে মাননীয় সচিব মহোদয়ের নিকট হতে সার্টিফিকেট গ্রহণ করছেন ’Research Methodology’ শীর্ষক দ্বিতীয় প্রশিক্ষণ কোর্সের জনৈক অংশগ্রহণকারী।

ধরণের দক্ষতা প্রয়োজন, কোথায় প্রয়োজন এবং কি ধরণের কর্মসূচি পরিচলনা করা প্রয়োজন এসব বিষয়ে সঠিক সিদ্ধান্ত গ্রহণ করতে পারবে। প্রশিক্ষণদাতা প্রতিষ্ঠানগুলোকে দেয়া তহবিলের জবাবদিহিতা নিশ্চিত করার জন্য প্রধান শ্রম বাজার ও কর্মসূচি, কারিগরি ও বৃত্তিমূলক শিক্ষা এবং প্রশিক্ষণের সরবরাহের সঙ্গে শিল্পের চাহিদার মিল রাখার জন্য গবেষণা হতে প্রাপ্ত তথ্যের প্রয়োজন হয় যা এ প্রশিক্ষণের মাধ্যমে অংশগ্রহণকারীগণ শিখতে পারবেন বলে তিনি মন্তব্য করেন। ২৪ এপ্রিল ২০১৬ তারিখ Research Methodology

চিত্র ৭: এনএসডিসি সচিবালয়ের অনুষ্ঠিত ’Research Methodology’ শীর্ষক প্রশিক্ষণ কর্মশালার তৃতীয় ব্যাচ।

প্রশিক্ষণ কর্মশালার তৃতীয় ব্যাচের প্রশিক্ষণ শুরু হয়। তৃতীয় ব্যাচের উদ্বোধনী দিনের প্রধান অতিথি ছিলেন জনাব মোস্তাফিজুর রহমান, চেয়ারম্যান, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড এবং সভাপতি ছিলেন এনএসডিসি সচিবালয়ের প্রধান নির্বাহী কর্মকর্তা। প্রধান অতিথি জনাব ডঃ মোঃ মোস্তাফিজুর রহমান এ রকম গুরত্বপূর্ণ সময়োপযোগী

প্রশিক্ষণ কোর্স আয়োজনের জন্য এনএসডিসি সচিবালয় ও ঢাকাস্থ আইএলও কর্তৃপক্ষকে আন্তরিক ধন্যবাদ জ্ঞাপন করেন এবং এ ধরণের প্রশিক্ষণ কর্মসূচির আয়োজন দেশব্যাপী গবেষণাধর্মী কার্যক্রম পরিচালনার উপযোগী গবেষক তৈরিতে অত্যন্ত ফলপ্রসু ভূমিকা রাখবে বলে মনে করেন। ২৮ এপ্রিল ২০১৬ তারিখ দ্বিতীয় ব্যাচের প্রশিক্ষণ সমাপ্ত হয় এবং অংশগ্রহণকারীদের সমাপণী ও সার্টিফিকেট বিতরণী অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন এনএসডিসি সচিবালয়ের প্রধান নির্বাহী কর্মকর্তা। তিনি বলেন এ প্রশিক্ষণ কর্মশালায় অংশ-গ্রহণকারী প্রত্যেকে এনএসডিসি সচিবালয়ের এ্যাম্বেসেডর রূপে স্ব স্ব প্রতিষ্ঠানে তাদের লব্ধ জ্ঞান থেকে টিভিইটি সেক্টরে গবেষকের ভূমিকা রাখবে এবং দক্ষ জনশক্তি গঠনে দেশ ও জাতির সেবা করবে। ২ মে ২০১৬ তারিখ Research Methodology প্রশিক্ষণ কর্মশালার চতুর্থ ও সর্বশেষ ব্যাচের প্রশিক্ষণ শুরু হয়। চতুর্থ ব্যাচের উদ্বোধনী দিনের প্রধান অতিথি ছিলেন এনএসডিসি সচিবালয়ের প্রধান নির্বাহী কর্মকর্তা, বিশেষ অতিথি ছিলেন আইএলও B-SEP প্রজেক্টের সিনিয়র প্রোফেশনাল স্পেশালিস্ট জনাব মানস ভট্টাচার্য। ৬ মে ২০১৬ তারিখ চতুর্থ ও সর্বশেষ প্রশিক্ষণ ব্যাচের প্রশিক্ষণ সমাপ্ত হয় এবং অংশগ্রহণকারীদের সার্টিফিকেট বিতরণ করা হয়। একমাস ব্যাপী অনুষ্ঠিত এ প্রশিক্ষণ কর্মশালায় মোট ৮০টি সেশন সম্পন্ন হয় এবং মাল্টিমিডিয়া ব্যবহার, গ্রুপ স্টাডি, আলোচনা, গবেষণা প্রস্তাবনা উপস্থাপনা, ড্যাটা এনালাইসিস ইত্যাদি বিষয়ে তথ্য প্রদান করা হয়। প্রতিটি কর্মশালা সমাপ্তিতে প্রতিটি ব্যাচের অংশগ্রহণকারীরা এরূপ প্রশিক্ষণ গ্রহণ করে তাদের গবেষণা সম্পাদনের স্পৃহা বৃদ্ধি পেয়েছে উল্লেখ করেন এবং স্বতঃস্ফূর্তভাবে তারা গবেষণা প্রস্তাবনা প্রেরণ করবেন মর্মে অঙ্গীকার করেন।

NSDC Action Plan (1st Phase) Monitoring বিষয়ক কর্মশালা

জাতীয় দক্ষতা উন্নয়ন নীতি ২০১১ বাস্তবায়নের লক্ষ্যে প্রস্তাবিত NSDC Action Plan এর প্রথম পর্যায় বাস্তবায়নের পথপরিক্রমা ২০১৪ সাল থেকে যাত্রা শুরু করে।

প্রথম পর্যায় Action Plan টি নয়টি ভিন্ন মন্ত্রণালয় এবং ৮টি দপ্তর অধিদপ্তরের প্রতিনিধিদের তত্ত্বাবধানে সম্পন্ন হয় যার অগ্রগতি পর্যবেক্ষণের লক্ষ্যে মনিটরিং কর্মশালা গুরুত্বপূর্ণ ভূমিকা রাখে।

২০১৫ সালের ডিসেম্বর মাসে এনএসডিসি সচিবালয়ের Action Plan (1st Phase) এর বাস্তবায়ন সময়কালের সমাপ্তি ঘটেছে। পূর্ববর্তী এ্যাকশন প্ল্যানে (১ম পর্যায়) বাজেটের কোন সুর্নিদিষ্ট তথ্য ছিল না এবং বাস্তবায়ন সময় সীমা খুবই সংক্ষিপ্ত ছিল। এ সকল সমস্যা থেকে উত্তরণের লক্ষ্যে ২য় পর্যায় এ্যাকশন প্ল্যান প্রণয়নের পূর্বে পূর্ববর্তী এ্যাকশন প্ল্যানের (১ম পর্যায়) মনিটরিং কর্মশালায় সংশ্লিষ্ট মন্ত্রণালয় এবং দপ্তর-অধিদপ্তরের প্রতিনিধিদের বিশ্লেষণধর্মী মতামত ও পরামর্শ প্রয়োজন হয়। এ লক্ষ্যে এনএসডিসি সচিবালয় আইএলও B-SEP প্রজেক্টের অর্থায়নে গত ২৪ এপ্রিল থেকে ২৭ এপ্রিল ২০১৬ তারিখ পর্যন্ত Action Plan (1st Phase) এর বাস্তবায়নের চূড়ান্ত পরিবীক্ষণ প্রণয়নের উদ্দেশ্যে ৪টি কর্মশালার আয়োজন করে। নিম্নে সেগুলোর সংক্ষেপে বর্ণনা দেওয়া হলো:

প্রথম (১ম) গ্রুপ

গত ২৪ এপ্রিল ২০১৬ তারিখে এনএসডিসি সচিবালয়ের প্রধান নির্বাহী কর্মকর্তার অফিসকক্ষে প্রথম কর্মশালাটি অনুষ্ঠিত হয়। প্রথম দিনের এ্যাকশন প্ল্যানের (১ম পর্যায়) মনিটরিং কর্মশালায় শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড এবং কারিগরি শিক্ষা অধিদপ্তরের প্রতিনিধিরাসহ মোট ১০ জন অংশগ্রহণকারী উপস্থিত ছিলেন। বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ডের চেয়ারম্যান ডঃ মোঃ মোস্তাফিজুর রহমান বিশেষ অতিথিরূপে এবং প্রধান নির্বাহী কর্মকর্তা, এনএসডিসি সচিবালয় সভাপতিরূপে দিনব্যাপী এ কর্মশালার উদ্বোধন করেন। সভাপতি এ কর্মশালাকে প্রথম পর্যায়ের এ্যাকশন প্ল্যানের জন্য চূড়ান্ত পরিবীক্ষণ বলে উল্লেখ করেন। বিশেষ অতিথি ডঃ মোস্তাফিজুর রহমান দক্ষতা উন্নয়নে এনএসডিসি সচিবালয়ের সপ্রতিভ ভূমিকার প্রশংসা করেন এবং সকল প্রকার সহযোগিতা প্রদানের আশ্বাস দেন। দিনব্যাপী অনুষ্ঠিত এ কর্মশালার সকালের সেশনে গ্রুপ ওয়ার্ক সম্পন্ন হয় এবং বিকেলের সেশনে অংশগ্রহণকারীদের গ্রুপ ওয়ার্ক উপস্থাপন

চিত্র ৮: এনএসডিসি সচিবালয়ের প্রধান নির্বাহী কর্মকর্তার সভাপতিত্বে অনুষ্ঠিত NSDC Action Plan Monitoring Workshop এ বিশেষ অতিথি বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ডের চেয়ারম্যান ডঃ মোঃমোস্তাফিজুর রহমান।

চিত্র ৯ঃ এনএসডিসি সচিবালয়ের অনুষ্ঠিত NSDC Action Plan Monitoring Workshop এর প্রথম গ্রুপ।

করা হয়। প্রথম পর্যায়ের কর্মশালার সমাপ্তিতে সভাপতি টিভিইটি এর ক্যারিকুল্যার উন্নয়ন সাধন, এ্যাসেসর পুলের উন্নয়নসাধন, ল্যাবরেটরির আধুনিকীকরণ ইত্যাদির উপর গুরুত্ব প্রদান করেন।

দ্বিতীয় (২য়) গ্রুপ

গত ২৫ এপ্রিল ২০১৬ তারিখে এনএসডিসি সচিবালয়ের প্রধান নির্বাহী কর্মকর্তার অফিসকক্ষে দ্বিতীয় কর্মশালাটি অনুষ্ঠিত হয়। উক্ত কর্মশালায় মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়, মহিলা অধিদপ্তর, শিল্প মন্ত্রণালয়, SME Foundation, BITAC, NPO, BSCIC এবং বাংলাদেশ কেমিক্যাল ইন্ডাস্ট্রিজ কর্পোরেশনের প্রতিনিধিরাসহ মোট ১২ জন অংশগ্রহণকারী উপস্থিত ছিলেন। সভাপতি প্রধান নির্বাহী কর্মকর্তা, এনএসডিসি সচিবালয় অনুষ্ঠানের সবাইকে স্বাগত জানায় এবং টিভিইটি সেক্টর এ NTVQF এর ভূমিকা, চাহিদা ও যোগানের মধ্যে সমন্বয়ের জন্য Skill Data System গঠনের উপর গুরুত্ব প্রদান ইত্যাদির সম্পর্কে আলোচনা করেন।

চিত্র ১০: এনএসডিসি সচিবালয়ের অনুষ্ঠিত NSDC Action Plan Monitoring Workshop এর দ্বিতীয় গ্রুপ।

কর্মশালায় ৩টি সেশন ছিল যার শেষ দুটি গ্রুপ ওয়ার্ক এবং তা উপস্থাপনের জন্য বরাদ্দ ছিল। কর্মশালা সমাপ্তিতে সভাপতি টিভিইটি প্রতিষ্ঠানের ক্লাশরুম প্রতিবন্ধী সহায়ক এবং জেন্ডারবান্ধব করার আহবান করেন। তাছাড়া তিনি সময়ের সাথে সাথে টিভিইটির সামাজিক মর্যাদা আরও বাড়িয়ে তোলার জন্য সকলকে একসাথে কাজ করার জন্য অনুরোধ করেন।

তৃতীয় (৩য়) গ্রুপ

গত ২৬ এপ্রিল ২০১৬ তারিখে এনএসডিসি সচিবালয়ের প্রধান নির্বাহী কর্মকর্তার অফিসকক্ষে তৃতীয় কর্মশালাটি অনুষ্ঠিত হয়। স্বাগত ভাষণে সভাপতি প্রধান নির্বাহী কর্মকর্তা, এনএসডিসি সচিবালয়, সকল টিভিইটি প্রতিষ্ঠানকে Green Job এবং Green Institution এ পরিণত করার আহবান করেন যা জাতীয় দক্ষতা উন্নয়ন নীতি ২০১১ বাস্তবায়নে সহায়তা প্রদান করেবে। উক্ত কর্মশালায় প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়, যুব ও ক্রীড়া মন্ত্রণালয়, যুব উন্নয়ন অধিদপ্তর, এনএসডিসি সচিবালয়, শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়, বাংলাদেশ জনশক্তি, কর্মসংস্থান ও প্রশিক্ষণ বুর‍্যো থেকে ৯জন প্রতিনিধি অংশগ্রহণ করেন।

চিত্র ১১: এনএসডিসি সচিবালয়ের অনুষ্ঠিত NSDC Action Plan Monitoring Workshop এর তৃতীয় গ্রুপের সমাপণী অনুষ্ঠানে প্রধান অতিথি কাজী আখতারউদ্দিন আহমেদ, সচিব, যুব উন্নয়ন অধিদপ্তর।

অনুষ্ঠানের সমাপ্তিতে যুব উন্নয়ন অধিদপ্তরের মাননীয় সচিব কাজী আখতারউদ্দিন আহমেদ প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন। তিনি এনএসডিসি সচিবালয়ের কার্যাবলীর ভূয়সী প্রশংসা করেন এবং এ সচিবালয়ের দক্ষতা উন্নয়নের সার্বিক কর্মকান্ডে সর্বাত্মক সহযোগিতা প্রদান করার আশ্বাস দেন। যুব উন্নয়ন অধিদপ্তরের প্রতিনিধি অংশগ্রহণকারীদের পক্ষ থেকে গ্রুপ ওয়ার্কের উপস্থাপন করেন। সভাপতি প্রধান অতিথির আগমনকে আমাদের জন্য সম্মানিত মনে করেন ও যুব উন্নয়ন অধিদপ্তরের দক্ষতা উন্নয়ন সম্পর্কিত প্রশিক্ষণ কার্যক্রমে এনটিভিকিউএফ প্রচলনের উপর গুরত্ব প্রদান করেন। তাছাড়া সমাপনী ভাষণে সভাপতি কারিগরি শিক্ষা দেশে ও বিদেশের শ্রমবাজারে কিরূপ ভূমিকা রাখছে তার সংক্ষিপ্ত বর্ণনা দেন এবং দেশে বিদ্যমান সকল সরকারি ও বেসরকারি কারিগরি প্রশিক্ষণ প্রতিষ্ঠানকে এনটিভিকিউএফ এর আওতায় কার্যক্রম পরিচালনা করার জন্য অনুরোধ করেন।

চিত্র ১২: এনএসডিসি সচিবালয়ের অনুষ্ঠিত NSDC Action Plan Monitoring Workshop এর তৃতীয় গ্রুপ।

চতুর্থ (৪র্থ) গ্রুপ

গত ২৭ এপ্রিল ২০১৬ তারিখে এনএসডিসি সচিবালয়ের প্রধান নির্বাহী কর্মকর্তার অফিসকক্ষে চতুর্থ কর্মশালাটি অনুষ্ঠিত হয়। স্বাগত ভাষণে সভাপতি প্রধান নির্বাহী কর্মকর্তা, এনএসডিসি সচিবালয়, NTVQF এর সফল বাস্তবায়নে শ্রমিকদের উপযুক্ত ভাতা প্রদান করবে বলে উল্লেখ করেন এবং Assessor pool গঠনের উপর গুরুত্ব দেন।

চিত্র ১৩: এনএসডিসি সচিবালয়ের অনুষ্ঠিত NSDC Action Plan Monitoring Workshop এর চতুর্থ গ্রুপ।

উক্ত কর্মশালায় প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়, মহিলা অধিদপ্তর, উপানুষ্ঠানিক শিক্ষা ব্যুরো, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, স্বাস্থ্য অধিদপ্তর, সমাজকল্যাণ মন্ত্রণালয়, সমাজসেবা অধিদপ্তর, জাতীয় প্রতিবন্ধী উন্নয়ন ফাউন্ডেশন, বাংলাদেশ জাতীয় সমাজকল্যাণ কাউন্সিল থেকে ১৩ জন প্রতিনিধি অংশগ্রহণ করেন। কর্মশালা সমাপ্তিতে সভাপতি আরপিএল সম্পর্কে সংক্ষেপে বলেন এবং আরপিএলধারীরদের জন্য উপযুক্ত কর্মক্ষেত্র ও Center of Excellence তৈরির ভবিষ্যত আশা ব্যক্ত করেন।



চিত্র ১৪: এনএসডিসি সচিবালয়ের অনুষ্ঠিত NSDC Action Plan Monitoring Workshop এর চতুর্থ গ্রুপ।

Action Plan (1st Phase) এর বাস্তবায়নের চূড়ান্ত পরিবীক্ষণ প্রণয়নের উদ্দেশ্যে ৪টি কর্মশালায় মোট ৪৭ জন অংশগ্রহণ করেন। প্রতিটি গ্রুপ পৃথক পৃথকভাবে Progress Report তৈরি করেন। স্ব স্ব মন্ত্রণালয় থেকে আগত প্রতিনিধি তাদের অভিজ্ঞতা এবং জ্ঞানের ভিত্তিতে চূড়ান্ত রিপোর্ট তৈরি করেন।

ইন্ডাস্ট্রিয়াল গার্মেন্টস প্রশিক্ষণার্থীদের মিলনমেলা ২০১৬

গত ২৯ শে এপ্রিল ২০১৬ শুক্রবার দিনটি ছিল TCM-KappAhl ট্রেনিং সেন্টার এর একটি বিশেষ দিন, প্রশিক্ষণার্থীদের আনন্দময় মিলন মেলা। ২০১৫ সালে প্রশিক্ষণ প্রাপ্ত ৮৫ জন যুব মহিলা, যারা সকলেই বিভিন্ন গার্মেন্টস ফ্যাক্টরীতে দক্ষ সুইং অপারেটর পদে কর্মরত আছেন, এ দিন সকলে একত্রিত হয়েছিলেন বাৎসরিক সার্টিফিকেট বিতরণ অনুষ্ঠানে।

অনুষ্ঠানে প্রধান অতিথির আসন অলংকৃত করেন এনএসডিসি সচিবালয়ের সম্মানিত সিইও জনাব এবিএম খোরশেদ আলম। সেইসাথে উপস্থিত ছিলেন টিসিএম বাংলাদেশ এর নির্বাহী পরিচালক জনাব দিলুআরা আফরোজ, KappAhl Far East Ltd এর কান্ট্রি ম্যানেজার জনাব আলেকজান্ডার গোমেজ সহ বিভিন্ন সহযোগী প্রতিষ্ঠান ও গার্মেন্টস্ ফ্যাক্টরীর উর্ধ্বতন কর্মকর্তাবৃন্দ। চলমান সেশনের প্রশিক্ষণার্থীদের অংশগ্রহণে আয়োজিত সাংস্কৃতিক অনুষ্ঠান ও সেন্টারের কার্যক্রমের উপর ভিডিও ডকুমেন্টারী প্রদর্শন জাঁকজমক পূর্ণ

চিত্র ১৫: TCM-KappAhl ট্রেনিং সেন্টার এর সার্টিফিকেট বিতরণী অনুষ্ঠানে প্রধান অতিথি জনাব এবিএম খোরশেদ আলম, প্রধান নির্বাহী কর্মকর্তা, এনএসডিসি সচিবালয়।

সার্টিফিকেট প্রদান অনুষ্ঠানটিকে একটি ভিন্ন মাত্রা ও আবহে ভরে তোলে। ৮৫ জন গ্র্যাজুয়েটেড প্রশিক্ষণার্থীর মধ্যে এদিন সার্টিফিকেট বিতরণ করা হয়। সমাজের সুবিধাবঞ্চিত, দরিদ্র ও ন্যূনতম লেখাপড়া জানা যুব মহিলাদের দক্ষতা বৃদ্ধি, আত্মকর্মসংস্থান সৃষ্টি ও স্বাবলম্বী করে গড়ে তোলার লক্ষ্যে টিসিএম-কাপাল ট্রেনিং সেন্টার ২০১০ সাল থেকে টঙ্গীর চেরাগ আলীতে "ইন্ডাস্ট্রিয়াল গার্মেন্টস সুইং অপারেটর" কোর্সে প্রশিক্ষণ দিয়ে আসছে। তিন মাস মেয়াদী এই কোর্সের প্রতিটি

সেশনে ৩০ জন করে বছরে মোট ৯০ জন যুব মহিলা সম্পূর্ণ বিনামূল্যে এই সেন্টার থেকে প্রশিক্ষণ গ্রহণ করছে। প্রশিক্ষণ চলাকালীন তারা প্রত্যেকে মাসিক ভাতা ২৫০০ টাকা, দৈনিক যাতায়াত ভাড়া ও দুপুরের খাবার, স্বাস্থ্য পরীক্ষা ও চিকিৎসা সেবা এবং প্রশিক্ষণ শেষে সরকারী নির্ধারিত স্কেল অনুযায়ী কম্প্লায়েন্স ফ্যাক্টরীতে চাকুরীর সুযোগ পাচ্ছেন। শিক্ষা, দক্ষতা ও কর্মসংস্থানের

চিত্র ১৬: সুইং অপারেটর পদে সার্টিফিকেট প্রাপ্ত কর্মচারীরা

সেতুবন্ধন তৈরির এই ট্রেনিং সেন্টার থেকে ইতোমধ্যেই প্রায় ৫০০ জন যুব মহিলা সফলভাবে প্রশিক্ষণ শেষে চাকুরীতে যোগ দিয়ে বর্তমানে মাসিক ৮ থেকে ১০ হাজার টাকা আয় করছে এবং নিজ নিজ পরিবারের অর্থনৈতিক উন্নয়নে অবদান রাখছে, যা সামগ্রিকভাবে সমাজ ও জাতীয় উন্নয়নে নারীদের টেকসই অংশগ্রহণ বৃদ্ধি করে অত্যন্ত ইতিবাচক প্রভাব ফেলেছে। বর্তমানে চলমান সেশনের ৩০ জন প্রশিক্ষণার্থী মে ২০১৬ তে প্রশিক্ষণ শেষে কর্মক্ষেত্রে প্রবেশের অপেক্ষায় আছেন। এ প্রতিষ্ঠানটির সুইং অপারেটর কোর্সটি ২০১৫ সালে বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড কর্তৃক 'ইন্ডাস্ট্রিয়াল সুইং মেশিন অপারেশন' কোর্স হিসেবে নিবন্ধন প্রাপ্ত হয়েছে।

"টিভিইটি প্রশিক্ষকদের ডেমোনস্ট্রেশন এর মাধ্যমে শ্রেণীকক্ষ পাঠদান সক্ষমতা বৃদ্ধিকরণ" বিষয়ক কর্মশালা

চিত্র ১৭: কর্মশালায় পেপার উপস্থাপন করছেন এনএসডিসি সচিবালয়ের সিইও।

১৬ এপ্রিল, ২০১৬ তারিখে সকাল ৯.৩০টা মিনিটে দিনাজপুর সরকারি কারিগরি ও বৃত্তিমূলক শিক্ষা ও প্রশিক্ষণ প্রতিষ্ঠানের অডিটেরিয়ামে "টিভিইটি প্রশিক্ষকদের ডেমোনস্ট্রেশন এর মাধ্যমে শ্রেণীকক্ষ পাঠদান সক্ষমতা বৃদ্ধিকরণ" বিষয়ক কর্মশালা অনুষ্ঠিত হয়। উক্ত কর্মশালার সভাপতিত্ব করেন উক্ত প্রতিষ্ঠানের অধ্যক্ষ প্রকৌশলী মোঃ আমিনুর রহমান সরকার। কর্মশালায় পেপার উপস্থাপন করেন এনএসডিসি সচিবালয়ের প্রধান নির্বাহী কর্মকর্তা জনাব এবিএম খোরশেদ আলম।

ফটো গ্যালারি

চিত্র ১৮: এনএসডিসি সচিবালয়ের অনুষ্ঠিত 'Research Methodology' শীর্ষক প্রশিক্ষণ কর্মশালার চতুর্থ ব্যাচ।

চিত্র ১৯: NSDC Action Plan Monitoring Workshop এর চতুর্থ গ্রুপের প্রতিনিধিগণ।

চিত্র ২০: 'Research Methodology' শীর্ষক প্রশিক্ষণ কর্মশালার চতুর্থ ব্যাচে অংশগ্রহনকারীগণ।

দক্ষতা উন্নয়ন সংবাদ পরিক্রমা

এনএসডিসি সচিবালয়, শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়

চিত্র ২১: কোর্স সমাপ্তিতে মাননীয় সচিব মহোদয়ের নিকট হতে সার্টিফিকেট গ্রহণ করছেন দ্বিতীয় প্রশিক্ষণ কোর্সের জনৈক অংশগ্রহণকারী।

চিত্র ২৪: ইন্ডাস্ট্রিয়াল গার্মেন্টস প্রশিক্ষণার্থীদের মিলনমেলা।



চিত্র ২২: 'Research Methodology' শীর্ষক প্রশিক্ষণ কোর্সের কোর্স উপস্থাপনা।

চিত্র ২৩: 'Research Methodology' শীর্ষক প্রশিক্ষণ কর্মশালায় এনএসডিসি সচিবালয়ের কনস্যালটেন্ট ডঃ নজরুল ইসলাম গবেষণা সংক্রান্ত বক্তব্য প্রদান করেন।

প্রধান উপদেষ্টা

জনাব এ বি এম খোরশেদ আলম
প্রধান নির্বাহী কর্মকর্তা (অতিরিক্ত সচিব)

সম্পাদনা পরিষদ

জনাব মোহাম্মদ রেজাউল করিম
পরিচালক (উপসচিব)

জনাব কাজী নজরুল ইসলাম
পরিচালক (উপসচিব)

জনাব নেপাল চন্দ্র কর্মকার
উপপরিচালক (সহযোগী অধ্যাপক)

জনাব মোঃ কামরুজ্জামান
উপপরিচালক

জনাব এস এম রেজাউল করিম
উপপরিচালক

জনাব শুভ্রা রায়
উপপরিচালক (দায়িত্বপ্রাপ্ত)

সম্পাদক

জনাব নাহিদ আখতার শান্তা
গবেষণা কর্মকর্তা

সরকারি, বেসরকারি সংস্থার যেকোন দক্ষতা উন্নয়ন সম্পকির্ত সংবাদ, বিজ্ঞপ্তি, কর্মকান্ড থাকলে তা **'দক্ষতা উন্নয়ন সংবাদ পরিক্রমায়'** প্রকাশের জন্য এনএসডিসি সচিবালয়ের ঠিকানায় যোগাযোগের জন্য সবিনয় অনুরোধ করা হলো। দক্ষতা উন্নয়ন সংবাদ পরিক্রমা প্রতি মাসে এনএসডিসি সচিবালয় থেকে প্রকাশিত হয়।

এনএসডিসি সচিবালয় (২য় তলা), টেলিকম ট্রেনিং সেন্টার, ৪২৩-৪২৮ তেজগাঁও শিল্প এলাকা, ঢাকা- ১২০৮ কর্তৃক সম্পাদিত ও প্রকাশিত।
টেলিফোন নম্বরঃ ৮৮৯১০৯১, ৮৮৯১০৯৩, ৮৮৯১০৯৬, ফ্যাক্সঃ ৮৮৯১০৯২, ইমেইলঃ nsdcsecbd@yahoo.com, ওয়েবসাইটঃ www.nsdc.gov.bd